শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)
৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd

নং- পসব্য/প্রকা/পরি-০৯/২০১৭-১৮/১১৭৩

তারিখ ঃ ৩১.১০.২০১৭ খ্রিঃ

উপজেলা সমন্বয়কারী
একটি বাড়ি একটি খামার প্রকল্প
ও
শাখা ব্যবস্থাপক (সাময়িক দায়িত্বে)
পল্লী সঞ্চয় ব্যাংক
সকল শাখা

নির্দেশিকা-১৪

বিষয় ঃ পল্লী সঞ্চয় ব্যাংকের নামে সকল উপজেলায় সোনালী ব্যাংক এ পরিচালিত এসএনডি হিসাবে প্রকল্পের এজেন্ট ব্যাংক (ব্যাংক এশিয়া/বিসিবিএল/ইউসিবিএল) কর্তৃক স্থানান্তরিত/জমাকৃত টাকা প্রধান কার্যালয়ের অনুমতি ব্যতিরেকে উত্তোলণ না করা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপরিউক্ত বিষয়ে অত্র ব্যাংকের ৩১.১০.২০১৭ তারিখের ১১৭১ নং পত্রের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। পল্লী সঞ্চয় ব্যাংকের যে সকল শাখা অনলাইন ব্যাংকিং কার্যক্রমের আওতায় এসেছে বা আসছে ঐ সকল শাখা সংশ্লিষ্ট প্রকল্পের সমিতিসমূহের সমুদয় নগদ জমাস্থিতি যা সংশ্লিষ্ট এজেন্ট ব্যাংকে (ব্যাংক এশিয়া/বিসিবিএল/ইউসিবিএল) রক্ষিত আছে। উক্ত এজেন্ট ব্যাংক তিনটিতে জমাকৃত ফান্ড ইতোমধ্যে উপজেলাভিত্তিক পল্লী সঞ্চয় ব্যাংক এর নামে স্থানীয় সোনালী ব্যাংক এ খোলা এসএনডি হিসাবে স্থানান্তরকরণ/জমাকরণের কার্যক্রম শুরু হয়েছে। পল্লী সঞ্চয় ব্যাংকের এসএনডি হিসাবে এজেন্ট ব্যাংক এর টাকা জমা হওয়ার সাথে সাথে প্রধান কার্যালয়কে অবহিত করার জন্য সুত্রোক্ত পত্রে নির্দেশনা প্রদান করা হয়েছে। এজেন্ট ব্যাংক কর্তৃক জমাকৃত অর্থ প্রধান কার্যালয়ের অনুমতি ব্যতিত উত্তোলণ না করার জন্য ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত নেয়া হয়েছে।

০৩। এমতাবস্থায়, এজেন্ট ব্যাংক কর্তৃক জমাকৃত অর্থ প্রধান কার্যালয়ের অনুমতি ব্যতিত উত্তোলন না করার জন্য এতদ্বারা আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো। উক্ত জমাকৃত টাকার বিষয়ে পরবর্তীতে আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হবে।

আপনার বিশ্বস্ত

(মোঃ খাইরুল কবির)
উপব্যবস্থাপনা পরিচালক
ফোন নং ৫৫১৩৮৫৫৯
headoffice@pallisanchaybank.gov.bd

অনুলিপি সদয় অবগিতর জন্য ঃ

১. চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. সোনালী ব্যাংক লিমিটেড, সকল উপজেলা শাখা। পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়ের অনুমতি ব্যতিত ব্যাংক এশিয়া/বিসিবিএল/ইউসিবিএল কর্তৃক প্রেরিত অর্থ উত্তোলণের অনুমতি না দেয়ার জন্য অনুরোধ করা হলো।
৪. নথি।